




বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৬.২২(৯ম নথি) - ২৯২৩

তারিখ: ১৭ নভেম্বর ২০২৪

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের গত ২৮ মার্চ ২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ১৪ নভেম্বর ২০২৪ তারিখে লিখিত ও কম্পিউটার টাইপিং টেস্ট/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। জনাব সৌমিক আহম্মেদ সাদ (পিতা-মোঃ মোসলেম উদ্দীন আহম্মেদ, মাতা-আসমা আহম্মেদ, গ্রাম-শিববাটা, ডাকঘর+থানা-পাইকগাছা, জেলা-খুলনা) ১৪ নভেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে তার প্রশ্নোত্তর, হাতের লেখা, স্বাক্ষর এবং অন্যান্য আনুষংগিক বিষয়াদি পর্যালোচনায় দেখা যায় তাঁর লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অন্য একজন প্রার্থী প্রক্সি হিসেবে অংশগ্রহণ করে। তাঁকে এবিষয়ে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি তা স্বীকার করেন। পরবর্তীতে তাঁকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটের নিকট প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রসিকিউশন দাখিল করা হলে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব ফয়সাল আহমেদ তাকে ০৭ (সাত) দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।


17.11.24

(মোহাম্মদ ইকরাম উল্লাহ)

পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিতরণ:

- ১। উপ-পরিচালক (সিএনএস), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। নোটিশ বোর্ড।